[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদায় জাগ্রত জনতার, ছাগল মুরগী গাছের চারা বিতরণ ও সুধী সমাবেশ

দামুড়হুদায় জাগ্রত জনতার পক্ষ থেকে অসহায় দুস্থ বিধবা মহিলাদের মাঝে ছাগল মুরগী গাছের চারা বিতরণ ও সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ বিকাল ৪টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদ চত্বরে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ব্র্যাক কৃত্রিম প্রজনন সেবা প্রদানকারী ও ফারইষ্ট ইসলামী লাইফ ইন্সুইরেন্স কোম্পানী লিমিটেড এর জোনাল ইনচার্জ জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফারইষ্ট ইসলামী লাইফ ইনসুরেন্স কোম্পানি লিমিটেড ফরিদপুর ডিভিশনের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এন্ড ইনচার্জ রফিকুল ইসলাম, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান নিজাম উদ্দিন, ফারইষ্ট ইসলামী লাইফ ইনসুরেন্স কোম্পানি লিমিটেড চুয়াডাঙ্গা সার্ভিস সেন্টারের ইনচার্জ আমজাদ হোসেন।

এসময় বিধবা মহিলাদের মাঝে ৩টা ছাগলের বাচ্চাসহ পাকিস্তানি মুরগীর বাচ্চা ও গাছের চারা বিতরণ করা হয়। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা যুবলীগ নেতা নিসান তরফদার, দামুড়হুদা বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, সেভ দ্যা ফিউচার ফাউন্ডেশনের চুয়াডাঙ্গা জেলা শাখার সহ-সভাপতি রাসেল শাহ সহ এলাকার স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

প্রধান অতিথি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু বলেন, সমাজে অনেক উচ্চবিত্ত মানুষ আছে কিন্তু মানবতার সেবায় সবাই কাজ করতে পারেনা। তৃণমূল মানুষের পাশে থেকে কাজ করার জন্য জাহাঙ্গীর আলম কে অসংখ্য ধন্যবাদ ও দোয়া করি এভাবে যেনো

সারাজীবন অসহায় মানুষের সেবা করতে পারে।